**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর**
**বাংলাদেশ, ঢাকা**
**www.dshe.gov.bd**

# সমন্বিত পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন- ২০২৬
## [প্রথম ত্রৈমাসিক]

সময়কালঃ ১ জানুয়ারি ২০২৬ খ্রি. - ৩১ মার্চ ২০২৬ খ্রি.

DMS অ্যাপ কারিগরি তত্ত্বাবধানে-

Dynamic Solution Innovators Ltd.

**সার্বিক ব্যবস্থাপনায়-**

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

# Table of Contents


ভূমিকা: ..... ১

ডিজিটাল মনিটরিং সিস্টেম (DMS) অ্যাপস্: ..... ১

ডিজিটাল মনিটরিং সিস্টেম (DMS) অ্যাপস্ ব্যবহারের ফলাফল: ..... ১

সমন্বিত মনিটরিং প্রতিবেদন ২০২৬: ..... ১

সমন্বিত মনিটরিং প্রতিবেদন- ২০২৬ ..... ২

শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং ..... ২

১. মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মনিটরিং পরিকল্পনা অনুযায়ী অঞ্চলভিত্তিক কার্যক্রমের সারসংক্ষেপ— ..... ২

২. DMS-এর মাধ্যমে অঞ্চলভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং এর সারসংক্ষেপ— ..... ৩

৩. DMS-এর মাধ্যমে জেলাভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং এর সারসংক্ষেপ— ..... ৪

শিক্ষা অফিস মনিটরিং ..... ৬

১. DMS-এর মাধ্যমে অঞ্চলভিত্তিক শিক্ষা অফিস মনিটরিং এর সারসংক্ষেপ— ..... ৬

২. DMS-এর মাধ্যমে জেলাভিত্তিক শিক্ষা অফিস মনিটরিং এর সারসংক্ষেপ— ..... ৭

শ্রেণিকক্ষ কার্যক্রম সংক্রান্ত মনিটরিং প্রতিবেদন ..... ৯

১. শিখন পরিবেশ ও শ্রেণি ব্যবস্থাপনা ..... ৯

১.১ রুটিন অনুযায়ী শিখন কার্যক্রম চলমান সংক্রান্ত তথ্য- ..... ৯

১.২ শিক্ষার্থীর সুস্বাস্থ্য ও সুরক্ষা চর্চা দৃশ্যমান সংক্রান্ত তথ্য— ..... ১০

১.৩ শ্রেণিকক্ষ এবং শিক্ষা প্রতিষ্ঠান শ্রেণি কার্যক্রম পরিচালনার জন্য উপযোগী সংক্রান্ত তথ্য— ..... ১১

১.৪ শিক্ষক-শিক্ষার্থীর মাঝে গঠনমূলক আলোচনা ও সুসম্পর্ক বিদ্যমান সংক্রান্ত তথ্য— ..... ১২

১.৫ শিক্ষক-শিক্ষার্থীর জন্য প্রাসঙ্গিক শিখন সামগ্রী বিদ্যমান সংক্রান্ত তথ্য- ..... ১৩

২. শিখন-শেখানো প্রক্রিয়া- ..... ১৪

২.১ শিখন-শেখানো কার্যক্রম শিক্ষক সহায়িকা অনুসারে পরিচালিত হয় কি/না? সে সংক্রান্ত তথ্য— ..... ১৪

২.২ শিখন-শেখানো প্রক্রিয়ায় শিখন সামগ্রীর ব্যবহার এবং কমিউনিটির সম্পৃক্ততা সংক্রান্ত তথ্য— ..... ১৫

২.৩ শিক্ষক সকল শিক্ষার্থীর চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সহায়তা প্রদান করেন কি/না? সে সংক্রান্ত তথ্য- ..... ১৬

২.৪ পাঠের উদ্দেশ্য অর্জন ও শিক্ষক-শিক্ষার্থীদের সন্তুষ্টি সংক্রান্ত তথ্য— ..... ১৭

৩. শ্রেণি কার্যক্রমে শিক্ষার্থীর সম্পৃক্ততা ..... ১৮

৩.১ শিখন-শেখানো কার্যক্রমে সকল শিক্ষার্থীর সক্রিয় ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ সংক্রান্ত তথ্য— ..... ১৯

৩.২ শিক্ষার্থীদের পারস্পরিক যোগাযোগ বা দলের কাজে বন্ধুত্বপূর্ণ, সহযোগিতামুলক ও সহমর্মী সম্পর্ক বিদ্যমান সংক্রান্ত তথ্য— ..... ১৯

৪. শিক্ষার্থী মূল্যায়ন- ..... ২০

৪.১ ধারাবাহিক মূল্যায়ন প্রক্রিয়া চলমান সংক্রান্ত তথ্য— ..... ২০

৪.২ নির্দেশনা অনুযায়ী সামষ্টিক মূল্যায়ন প্রক্রিয়া চলমান সংক্রান্ত তথ্য— ..... ২১

সাধারণ মনিটরিং (শিক্ষা প্রতিষ্ঠান) ..... ২২

১. সাধারণ পর্যবেক্ষণ ..... ২২

১.১ আনুষ্ঠানিকভাবে নিয়মিত জাতীয় সংগীত পরিবেশন করা হয় কি/না? সে সংক্রান্ত তথ্য— ..... ২২

১.২ বিদ্যালয়ে সকলের জন্য বিশুদ্ধ পানির ব্যবস্থা যর্থার্থ পরিমানে আছে কি/না? সে সংক্রান্ত তথ্য— ..... ২৩

১.৩ ছাত্র/ ছাত্রীদের পৃথক, পর্যাপ্ত ও পরিচ্ছন্ন ওয়াশ ব্লক আছে কি/না? সে সংক্রান্ত তথ্য- ..... ২৪

১.৪ শিক্ষার্থীদের খেলাধুলা ও সমাবেশের জন্য পর্যাপ্ত জায়গা আছে কি/না? সে সংক্রান্ত তথ্য- ২৫
১.৫ সমাবেশে নিয়মিত শপথ বাক্য পাঠ করা হয় কি/না? সে সংক্রান্ত তথ্য- ২৬
১.৬ বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের অবস্থা- ২৭
১.৭ জাতীয় পতাকা উত্তোলনের জন্য প্রতিষ্ঠানে যথাযথ স্থায়ী ব্যবস্থা আছে কি/না? ২৮
১.৮ পরিদর্শনকারী কর্মকর্তা কতৃক পরিচ্ছন্নতা বিষয়ক মুল্যায়ন- ২৯
২. লাইব্রেরী সংক্রান্ত- ৩০
২.১ লাইব্রেরী থেকে বই বাসায় নেয়ার সুযোগ আছে কি না? সে সংক্রান্ত তথ্য- ৩১
৩. আই.এম.এস Institutional Management System (IMS) সংক্রান্ত- ৩১
৩.১ IMS এ প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদ করা আছে কি/না? সে সংক্রান্ত তথ্য- ৩১
৪. অভিযোগ সংক্রান্ত তথ্য- ৩২
৪.১ অভিযোগ বাক্স আছে কি/না? সে সংক্রান্ত তথ্য- ৩২
এক নজরে সমগ্র বাংলাদেশের প্রাতিষ্ঠানিক মনিটরিং গ্রাফ তথ্য- ৩৩
Digital Monitoring System (DMS) অ্যাপস্ এর ভবিষ্যৎ চাহিদা (Demand)- ৩৫
সুপারিশসমূহ ৩৫
উপসংহার: ৩৬

## ভূমিকা:

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং ২৪ সেপ্টেম্বর ২০১৮ তারিখে রাজস্ব বাজেটের আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের একটি পূর্ণাঙ্গ উইং হিসেবে প্রতিষ্ঠা লাভ করে। এর পূর্বে "মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন" সেকায়েপ প্রকল্পের অর্থায়নে পরিচালিত হতো। রাজস্ব উইং হিসেবে প্রতিষ্ঠা লাভের পর থেকে মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং কর্তৃক মাউশি'র আওতাধীন মাঠ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা অফিসসমূহ ম্যানুয়্যালি (নির্ধারিত তথ্যছকের আলোকে) পরিদর্শন করা হতো। এতে করে খরচ, সময় ও শ্রম বেশি অপচয় হতো। ফলস্রুতিতে মনিটরিং কার্যক্রমকে অধিকতর স্মার্ট, আধুনিক ও বিশ্বমানের করার অভিপ্রায়ে ইউনিসেফ এর অর্থায়নে নির্মিত ডিজিটাল মনিটরিং সিস্টেম অ্যাপ (DMS) এর মাধ্যমে মাউশি'র আওতাধীন মাঠ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা অফিসসমূহ পরিদর্শন করার প্রয়াস গ্রহণ করা হয়।

## ডিজিটাল মনিটরিং সিস্টেম (DMS) অ্যাপ:

একুশ শতকের শিক্ষার্থীদের জন্য গুণগত ও মানসম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কাজ করে আসছে। টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের সাথে-সাথে শিক্ষা প্রশাসনকেও ডিজিটালাইজ করা প্রয়োজন। সে লক্ষ্যে ম্যানুয়াল পদ্ধতির অবসান ঘটিয়ে স্বল্প খরচে, স্বল্প সময়ে, স্বল্প পরিশ্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতার আলোকে অধিকতর নির্ভুলভাবে মাঠ পর্যায়ে মনিটরিং কার্যক্রম বাস্তবায়ন করার লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থবছর হতে ডিজিটাল মনিটরিং সিস্টেম (DMS) অ্যাপস্ ব্যবহারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ডিজিটাল পদ্ধতিতে পরিদর্শন, তথ্যসমূহ সংরক্ষণ, বিশ্লেষণ ও এর যথার্থ ব্যবহার নিশ্চিতকল্পে ডিজিটাল মনিটরিং সিস্টেম (DMS) অ্যাপস্ এর গুরূত্ব অপরিসীম। বর্তমানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন আঞ্চলিক পরিচালক, জেলা শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের সংশ্লিষ্ট অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ডিজিটাল মনিটরিং সিস্টেম এর আওতায় (অ্যাপস এর মাধ্যমে) পরিদর্শন কার্যক্রমসমূহ পরিচালনা করা হচ্ছে।

## ডিজিটাল মনিটরিং সিস্টেম (DMS) অ্যাপ ব্যবহারের ফলাফল:

বর্তমানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের শিক্ষা কর্মকর্তাগণ Digital Monitoring System (DMS) এর মাধ্যমে পূর্বঘোষণা ব্যতিরেকে শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা অফিসসমূহ নিয়মিত পরিদর্শন করে থাকেন। সে মোতাবেক মনিটরিং অ্যঅন্ড ইভ্যঅলূয়েশণ উইং এর উদ্যোগে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের পরিদর্শন প্রতিবেদনসমূহ একত্রিত করে প্রতি ০৩ মাসে ০১ (এক) টি এবং প্রতি বছরে ০১ (এক) টি করে সমন্বিত মনিটরিং প্রতিবেদন প্রস্তুত করা হয়ে থাকে। প্রস্তুতকৃত প্রতিবেদনে মাঠ পর্যায়ের শিক্ষা কর্মকর্তাগণ কর্তৃক প্রেরিত বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডারে টার্গেট এর আলোকে শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা অফিস পরিদর্শনের প্রকৃত সংখ্যা তুলে ধরা হয়। প্রতিটি পরিদর্শনে শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা অফিসের উপস্থিত ও অনুমোদিত ও অননুমোদিত শিক্ষক, কর্মচারী ও কর্মকর্তাদের হালনাগাদ প্রকৃত তথ্য উপস্থাপন করা হয়। অননুমোদিত শিক্ষক, কর্মচারী ও কর্মকর্তাদের তথ্য সামারি আকারে মহাপরিচালক মহোদয় বরাবর উপস্থাপন করা হয় এবং পরবর্তীতে অননুমোদিত অনুপস্থিত শিক্ষক, কর্মচারী ও কর্মকর্তাদের বিরুদ্ধে সংশ্লিষ্ট উইং/শাখা হতে যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়ে থাকে। ডিজিটাল মনিটরিং সিস্টেম (DMS) অ্যাপ এর মাধ্যমে পরিদর্শনে একটি শিক্ষা অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক বিষয়াদি যেমন- শ্রেণিকক্ষ, ল্যাবরেটরি, ওয়াশরুমের পরিষ্কার পরিচ্ছন্নতা, খেলার মাঠ, পাঠদান কার্যক্রমসহ সকল বিষয়ের পূর্ণাঙ্গ রিয়েল টাইম চিত্র তুলে ধরা হয়।

## সমন্বিত মনিটরিং প্রতিবেদন ২০২৬ (সময়কালঃ ১ জানুয়ারি ২০২৬ খ্রি. - ৩১ মার্চ ২০২৬ খ্রি.):

মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ Digital Monitoring System (DMS) অ্যাপ এর মাধ্যমে তাৎক্ষণিক পরিদর্শনের ক্ষেত্রে যে সকল টুলস্ ব্যবহার করে তাদের পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করেছেন সেই পরিদর্শন টুলস্ এর প্রকৃত রেসপন্সের আলোকে "সমন্বিত মনিটরিং প্রতিবেদন ২০২৬ (সময়কালঃ ১ জানুয়ারি ২০২৬ খ্রি. - ৩১ মার্চ ২০২৬ খ্রি.)" প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রতিবেদনের আলোকে মাঠ পর্যায়ের শিক্ষা কর্মকর্তাগণ কর্তৃক ৭৪২ টি প্রতিষ্ঠানে মোট ১৩৮৭ টি পরিদর্শন সম্পন্ন করেন। যার মধ্যে শিক্ষা অফিস পরিদর্শন সংখ্যা হলো- ২ টি। ১৩৮৭ টি পরিদর্শনের মধ্যে ১২ জন শিক্ষক এবং ০৫ জন কর্মচারীকে অননুমোদিত অনুপস্থিত হিসেবে পাওয়া গেছে। প্রস্তুতকৃত সমন্বিত মনিটরিং প্রতিবেদনের সারসংক্ষেপ নিম্নে ধারাবাহিকভাবে উপস্থাপন করা হলো।

# সমন্বিত মনিটরিং প্রতিবেদন- ২০২৬

## শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং

### ১. মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মনিটরিং পরিকল্পনা অনুযায়ী অঞ্চলভিত্তিক কার্যক্রমের সারসংক্ষেপ-

সময়কালঃ ১ জানুয়ারি ২০২৬ – ৩১ মার্চ ২০২৬

| ক্রম | অঞ্চল | মনিটরিং পরিকল্পনা | মনিটরিং হয়েছে | | | মনিটরিং সম্পন্নের হার (%) | বাকি |
|---|---|---|---|---|---|---|---|
| | | | সঠিক | বিলম্বে | মোট | | |
| ১ | বরিশাল | ৫১৭৭ | ৫৯ | ২০ | ৭৯ | ১.৫৩% | ৫০৯৮ |
| ২ | চট্টগ্রাম | ৫৭৫৬ | ১০৪ | ৫৪ | ১৫৮ | ২.৭৪% | ৫৫৯৮ |
| ৩ | কুমিল্লা | ৫২৪৬ | ৯৬ | ৩২ | ১২৮ | ২.৪৪% | ৫১১৮ |
| ৪ | ঢাকা | ১২৬৮৮ | ১৩২ | ৭৩ | ২০৫ | ১.৬২% | ১২৪৮৩ |
| ৫ | খুলনা | ১০৯৫০ | ১০০ | ১২০ | ২২০ | ২.০১% | ১০৭৩০ |
| ৬ | ময়মনসিংহ | ১০৮৪৫ | ১৪২ | ৭০ | ২১২ | ১.৯৫% | ১০৬৩৩ |
| ৭ | রাজশাহী | ১০৬০৫ | ১১৯ | ৯৭ | ২১৬ | ২.০৪% | ১০৩৮৯ |
| ৮ | রংপুর | ১২০৬৫ | ৪৫ | ৬০ | ১০৫ | ০.৮৭% | ১১৯৬০ |
| ৯ | সিলেট | ৪৪৮৬ | ৩৬ | ২৮ | ৬৪ | ১.৪৩% | ৪৪২২ |
| **সর্বমোট** | | **৭৭৮১৮** | **৮৩৩** | **৫৫৪** | **১৩৮৭** | **১.৭৮%** | **৭৬৪৩১** |

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আতাধীন ৯টি অঞ্চলে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মনিটরিং পরিকল্পনা অনুযায়ী মোট ৭৭,৮১৮টি মনিটরিং পরিকল্পনার বিপরীতে ১ জানুয়ারি ২০২৬ থেকে ৩১ মার্চ ২০২৬ সময়কালে ১,৩৮৭টি মনিটরিং সম্পন্ন হয়েছে। যারমধ্যে সবচেয়ে বেশি পরিদর্শন হয়েছে ঢাকা অঞ্চলে (২০৫টি)।



## ২. DMS-এর মাধ্যমে অঞ্চলভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং এর সারসংক্ষেপ—

সময়কালঃ ১ জানুয়ারি ২০২৬ – ৩১ মার্চ ২০২৬

| ক্রম | অঞ্চল | মোট পরিদর্শন সংখ্যা | মোট প্রতিষ্ঠান | শিক্ষক | | | কর্মচারী | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | মোট | অনুমোদিত অনুপস্থিত | অননুমোদিত অনুপস্থিত | মোট | অনুমোদিত অনুপস্থিত | অননুমোদিত অনুপস্থিত |
| ১ | বরিশাল | ২১ | ১৭০৫ | ২০১১৯ | ৩ | ০ | ৮৫৩৭ | ০ | ১ |
| ২ | চট্টগ্রাম | ৮৯ | ১৮৬৪ | ২৬৯৮৯ | ৫ | ১ | ৮৮৪৩ | ২ | ০ |
| ৩ | কুমিল্লা | ৭২ | ১৪০১ | ২১৭৭১ | ৩ | ০ | ৭৪০৫ | ১ | ১ |
| ৪ | ঢাকা | ১০৫ | ২৮৪৭ | ৬১৯১৬ | ৯ | ৪ | ১৩৬৭৪ | ৩ | ২ |
| ৫ | খুলনা | ১০৫ | ২৮৩৪ | ৪৩৩৪২ | ২ | ১ | ১৫৪৬২ | ০ | ০ |
| ৬ | ময়মনসিংহ | ১১৯ | ২৩০৩ | ৩০২৯৮ | ১১ | ৪ | ১২১১৮ | ১ | ১ |
| ৭ | রাজশাহী | ১৩৬ | ২৯৮৯ | ৪৪৮৯২ | ৪ | ১ | ১৫৪৭০ | ০ | ০ |
| ৮ | রংপুর | ৫০ | ৩২৮৩ | ৫১৩৬৭ | ২ | ১ | ১৭৪৯৫ | ১ | ০ |
| ৯ | সিলেট | ৪৩ | ১০৩২ | ১৪৬৩৪ | ০ | ০ | ৫১৯৩ | ১ | ০ |
| **মোট** | | **৭৪০** | **২০২৫৮** | **৩১৫৩২৮** | **৩৯** | **১২** | **১০৪১৯৭** | **৯** | **৫** |

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আতাধীন   ৯টি অঞ্চলে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মনিটরিং পরিকল্পনা অনুযায়ী ১ জানুয়ারি ২০২৬ থেকে ৩১ মার্চ ২০২৬ সময়কালে ২০২৫৮টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৭৪০টি শিক্ষা প্রতিষ্ঠান মোট ১,৩৮৭টি মনিটরিং সম্পন্ন হয়েছে। এই পরিদর্শনের মাধ্যমে মোট ৩,১৫,৩২৮ জন শিক্ষক ও ১,০৪,১৯৭ জন কর্মচারীর উপস্থিতির তথ্য পাওয়া গেছে। পরিদর্শনকালে ৩৯ জন শিক্ষক এবং ৯ জন কর্মচারীকে অনুমোদিত অনুপস্থিত এবং ১২ জন শিক্ষক ও ৫ জন কর্মচারীকে অননুমোদিত অনুপস্থিত পাওয়া গেছে।



## ৩. DMS-এর মাধ্যমে জেলাভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং এর সারসংক্ষেপ—

সময়কালঃ ১ জানুয়ারি ২০২৬ – ৩১ মার্চ ২০২৬

| ক্রম | অঞ্চল | জেলা | মোট পরিদর্শন সংখ্যা | মোট প্রতিষ্ঠান | শিক্ষক | | | কর্মচারী | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | মোট | অনুমোদিত অনুপস্থিত | অননুমোদিত অনুপস্থিত | মোট | অনুমোদিত অনুপস্থিত | অননুমোদিত অনুপস্থিত |
| ১ | বরিশাল | বরগুনা | ৫ | ১৮৬ | ২২৯০ | ১ | ০ | ৯২১ | ০ | ০ |
| ২ | বরিশাল | বরিশাল | ১ | ৪৬০ | ৬০৮১ | ০ | ০ | ২২৩৯ | ০ | ০ |
| ৩ | বরিশাল | ভোলা | ০ | ২৮০ | ২৮৭১ | ০ | ০ | ১৪২৭ | ০ | ০ |
| ৪ | বরিশাল | ঝালকাঠি | ১ | ১৯৭ | ২২৫৪ | ০ | ০ | ১০৫৪ | ০ | ০ |
| ৫ | বরিশাল | পটুয়াখালী | ৯ | ৩০১ | ৩৩৬৫ | ২ | ০ | ১৬০৫ | ০ | ১ |
| ৬ | বরিশাল | পিরোজপুর | ৫ | ২৮১ | ৩২৫৮ | ০ | ০ | ১২৯১ | ০ | ০ |
| ৭ | চট্টগ্রাম | বান্দরবান | ২ | ৬৬ | ৭২২ | ০ | ০ | ২০২ | ০ | ০ |
| ৮ | চট্টগ্রাম | চট্টগ্রাম | ২৯ | ৮০৫ | ১৩৬৬৯ | ২ | ০ | ৩৭২০ | ১ | ০ |
| ৯ | চট্টগ্রাম | কক্সবাজার | ৭ | ২১৬ | ২৯৩৮ | ০ | ০ | ৮৭৫ | ০ | ০ |
| ১০ | চট্টগ্রাম | ফেনী | ২০ | ১৯৪ | ২৬৮৮ | ৩ | ১ | ১০৬২ | ১ | ০ |
| ১১ | চট্টগ্রাম | খাগড়াছড়ি | ২ | ১০৮ | ১২৪৬ | ০ | ০ | ৫৫৮ | ০ | ০ |
| ১২ | চট্টগ্রাম | নোয়াখালী | ২৬ | ৩২২ | ৪১৩২ | ০ | ০ | ১৭৩২ | ০ | ০ |
| ১৩ | চট্টগ্রাম | রাঙামাটি | ৩ | ১৫৩ | ১৫৯৪ | ০ | ০ | ৬৯৪ | ০ | ০ |
| ১৪ | কুমিল্লা | ব্রাহ্মণবাড়িয়া | ৩ | ২৭১ | ৩৯৩৩ | ১ | ০ | ১২৪৪ | ০ | ০ |
| ১৫ | কুমিল্লা | চাঁদপুর | ২৮ | ২৯০ | ৪৪৮৫ | ২ | ০ | ১৬৬০ | ১ | ০ |
| ১৬ | কুমিল্লা | কুমিল্লা | ৩১ | ৬৪৬ | ১০৪৩৪ | ০ | ০ | ৩৪৭৪ | ০ | ১ |
| ১৭ | কুমিল্লা | লক্ষ্মীপুর | ১০ | ১৯৪ | ২৯১৯ | ০ | ০ | ১০২৭ | ০ | ০ |
| ১৮ | ঢাকা | ঢাকা | ২২ | ৭৫৫ | ২৮৪২৮ | ২ | ১ | ৩৪৮৮ | ১ | ০ |
| ১৯ | ঢাকা | ফরিদপুর | ১৩ | ২৫৫ | ৩৫৮২ | ৩ | ০ | ১৩৩৭ | ০ | ০ |
| ২০ | ঢাকা | গাজীপুর | ৪ | ৩৯২ | ৬৬৮১ | ২ | ০ | ১৬৭৬ | ০ | ০ |
| ২১ | ঢাকা | গোপালগঞ্জ | ৭ | ২০৬ | ২৮৪৯ | ০ | ০ | ১০৩৫ | ০ | ০ |
| ২২ | ঢাকা | মাদারীপুর | ৪ | ১৭৮ | ২৬০৫ | ০ | ১ | ৯৮০ | ০ | ০ |
| ২৩ | ঢাকা | মানিকগঞ্জ | ৩ | ১৭১ | ২২৭৩ | ০ | ০ | ৮৫৯ | ০ | ০ |
| ২৪ | ঢাকা | মুন্সীগঞ্জ | ২ | ১৩২ | ২৩৯৯ | ০ | ০ | ৭০৬ | ০ | ০ |
| ২৫ | ঢাকা | নারায়ণগঞ্জ | ২৯ | ২০৩ | ৪৯৫৩ | ১ | ২ | ৮৮৫ | ১ | ০ |
| ২৬ | ঢাকা | নরসিংদী | ৬ | ২৭৪ | ৪২০০ | ০ | ০ | ১২৪৭ | ১ | ০ |
| ২৭ | ঢাকা | রাজবাড়ী | ৬ | ১৫১ | ২১৭৩ | ০ | ০ | ৭৯২ | ০ | ০ |
| ২৮ | ঢাকা | শরীয়তপুর | ৯ | ১৩০ | ১৭৭৩ | ১ | ০ | ৬৬৯ | ০ | ২ |
| ২৯ | খুলনা | বাগেরহাট | ১৬ | ৩৩১ | ৪৩৩৭ | ১ | ০ | ১৭৭৮ | ০ | ০ |
| ৩০ | খুলনা | চুয়াডাঙ্গা | ৩ | ১৪৪ | ২৫০০ | ০ | ০ | ৮২৩ | ০ | ০ |
| ৩১ | খুলনা | যশোর | ২৭ | ৫৫০ | ৯৩৫৩ | ০ | ০ | ২৯৯৫ | ০ | ০ |
| ৩২ | খুলনা | ঝিনাইদহ | ৭ | ৩০৮ | ৪৪৮৭ | ১ | ০ | ১৭৭৩ | ০ | ০ |
| ৩৩ | খুলনা | খুলনা | ৭ | ৪২৪ | ৬৭৩৩ | ০ | ১ | ২১৬৬ | ০ | ০ |
| ৩৪ | খুলনা | কুষ্টিয়া | ৭ | ৩১৩ | ৪৫৩২ | ০ | ০ | ১৬৯৩ | ০ | ০ |
| ৩৫ | খুলনা | মাগুরা | ১৫ | ১৭৬ | ২৭১৯ | ০ | ০ | ১০১০ | ০ | ০ |

| ক্রম | অঞ্চল | জেলা | মোট পরিদর্শন সংখ্যা | মোট প্রতিষ্ঠান | শিক্ষক | | | কর্মচারী | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | মোট | অনুমোদিত অনুপস্থিত | অননুমোদিত অনুপস্থিত | মোট | অনুমোদিত অনুপস্থিত | অননুমোদিত অনুপস্থিত |
| ৩৬ | খুলনা | মেহেরপুর | ১১ | ১২৭ | ১৯৪০ | ০ | ০ | ৭৩৫ | ০ | ০ |
| ৩৭ | খুলনা | নড়াইল | ৩ | ১৩৪ | ২০৫১ | ০ | ০ | ৭১৩ | ০ | ০ |
| ৩৮ | খুলনা | সাতক্ষীরা | ৯ | ৩২৭ | ৪৬৯০ | ০ | ০ | ১৭৭৬ | ০ | ০ |
| ৩৯ | ময়মনসিংহ | জামালপুর | ৪ | ৩৭৯ | ৫১৭৭ | ১ | ০ | ২১১৬ | ০ | ০ |
| ৪০ | ময়মনসিংহ | কিশোরগঞ্জ | ১৪ | ২৮০ | ৩৬২০ | ০ | ০ | ১৩৫৬ | ০ | ০ |
| ৪১ | ময়মনসিংহ | ময়মনসিংহ | ৪৮ | ৬৫৫ | ৮৭০৭ | ১ | ০ | ৩৪০৭ | ০ | ০ |
| ৪২ | ময়মনসিংহ | নেত্রকোণা | ২০ | ২৭৭ | ৩১৮৯ | ৬ | ০ | ১৩১৯ | ১ | ০ |
| ৪৩ | ময়মনসিংহ | শেরপুর | ১৪ | ১৮৬ | ২৬৩০ | ৩ | ৪ | ১০১৯ | ০ | ১ |
| ৪৪ | ময়মনসিংহ | টাঙ্গাইল | ১৯ | ৫২৬ | ৬৯৭৫ | ০ | ০ | ২৯০১ | ০ | ০ |
| ৪৫ | রাজশাহী | বগুড়া | ৬৫ | ৪৮২ | ৭০১২ | ০ | ০ | ২৬৪০ | ০ | ০ |
| ৪৬ | রাজশাহী | জয়পুরহাট | ১২ | ১৬০ | ২৩৯১ | ১ | ০ | ৮৩১ | ০ | ০ |
| ৪৭ | রাজশাহী | নওগাঁ | ৬ | ৪৬৫ | ৬৬৭৩ | ০ | ০ | ২৪২৯ | ০ | ০ |
| ৪৮ | রাজশাহী | নাটোর | ৬ | ৩২৩ | ৫২১১ | ০ | ০ | ১৭০৩ | ০ | ০ |
| ৪৯ | রাজশাহী | চাপাইনবাবগঞ্জ | ৩ | ২৫২ | ৩৬৪১ | ০ | ০ | ১৩০৪ | ০ | ০ |
| ৫০ | রাজশাহী | পাবনা | ৯ | ৩৩০ | ৪৭১৩ | ০ | ০ | ১৬৭৩ | ০ | ০ |
| ৫১ | রাজশাহী | রাজশাহী | ১২ | ৫৮২ | ৯৩৫৭ | ১ | ১ | ৩০৭৬ | ০ | ০ |
| ৫২ | রাজশাহী | সিরাজগঞ্জ | ২৩ | ৩৯৫ | ৫৮৯৪ | ২ | ০ | ১৮১৪ | ০ | ০ |
| ৫৩ | রংপুর | দিনাজপুর | ২ | ৭০৩ | ১০৬০৬ | ০ | ০ | ৩৭৮৭ | ০ | ০ |
| ৫৪ | রংপুর | গাইবান্ধা | ২ | ৪১৭ | ৬৮৫১ | ০ | ০ | ২৪১৫ | ০ | ০ |
| ৫৫ | রংপুর | কুড়িগ্রাম | ২ | ৩৮৮ | ৬০৫৪ | ০ | ০ | ২০০১ | ০ | ০ |
| ৫৬ | রংপুর | লালমনিরহাট | ৫ | ২২৬ | ৩৮৮২ | ১ | ০ | ১২৫৯ | ০ | ০ |
| ৫৭ | রংপুর | নীলফামারী | ৯ | ৩২৭ | ৫৬৪০ | ০ | ০ | ১৭৭৪ | ০ | ০ |
| ৫৮ | রংপুর | পঞ্চগড় | ১২ | ৩০১ | ৪১৯১ | ০ | ০ | ১৩৪৭ | ০ | ০ |
| ৫৯ | রংপুর | রংপুর | ১৫ | ৫১৯ | ৮৮৭৯ | ১ | ১ | ২৮৬৯ | ১ | ০ |
| ৬০ | রংপুর | ঠাকুরগাঁও | ৩ | ৪০২ | ৫২৬৪ | ০ | ০ | ২০৪৩ | ০ | ০ |
| ৬১ | সিলেট | হবিগঞ্জ | ৭ | ১৮৭ | ২৬৮৪ | ০ | ০ | ৯০৮ | ১ | ০ |
| ৬২ | সিলেট | মৌলভীবাজার | ৪ | ২০৯ | ২৮৯৭ | ০ | ০ | ১০৯২ | ০ | ০ |
| ৬৩ | সিলেট | সুনামগঞ্জ | ৩ | ২৪১ | ২৯২৭ | ০ | ০ | ১২১৩ | ০ | ০ |
| ৬৪ | সিলেট | সিলেট | ২৯ | ৩৯৫ | ৬১২৬ | ০ | ০ | ১৯৮০ | ০ | ০ |
| **মোট** | | | **৭৪০** | **২০২৫৮** | **৩১৫৩২৮** | **৩৯** | **১২** | **১০৪১৯৭** | **৯** | **৫** |

১ জানুয়ারি ২০২৬ থেকে ৩১ মার্চ ২০২৬ সময়কালে ৬৪টি জেলার বিস্তারিত পরিদর্শন সংখ্যা এবং শিক্ষক-কর্মচারীর উপস্থিতির তথ্য নেওয়া হয়েছে। উদাহরণস্বরূপ, বগুড়া জেলায় সর্বোচ্চ ৬৫টি এবং মৌলভীবাজার ও বান্দরবানে সর্বনিম্ন ৪টি ও ২টি পরিদর্শন হয়েছে।

# শিক্ষা অফিস মনিটরিং

## ১. DMS-এর মাধ্যমে অঞ্চলভিত্তিক শিক্ষা অফিস মনিটরিং এর সারসংক্ষেপ—

সময়কালঃ ১ জানুয়ারি ২০২৬ – ৩১ মার্চ ২০২৬

| ক্রম | অঞ্চল | মোট পরিদর্শন সংখ্যা | মোট অফিস | কর্মকর্তা | | | কর্মচারী | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | মোট | অনুমোদিত অনুপস্থিত | অননুমোদিত অনুপস্থিত | মোট | অনুমোদিত অনুপস্থিত | অননুমোদিত অনুপস্থিত |
| ১ | বরিশাল | ০ | ৫৩ | ১৭৫ | ০ | ০ | ১৯৭ | ০ | ০ |
| ২ | চট্টগ্রাম | ০ | ৮০ | ২১০ | ০ | ০ | ১৯৬ | ০ | ০ |
| ৩ | কুমিল্লা | ০ | ৪৭ | ১৭১ | ০ | ০ | ১৮১ | ০ | ০ |
| ৪ | ঢাকা | ০ | ১৫২ | ৭৪৮ | ০ | ০ | ৩২৭ | ০ | ০ |
| ৫ | খুলনা | ০ | ৭৭ | ৩১১ | ০ | ০ | ৩২০ | ০ | ০ |
| ৬ | ময়মনসিংহ | ১ | ৭১ | ২৬৫ | ০ | ০ | ৩৩১ | ০ | ০ |
| ৭ | রাজশাহী | ১ | ৮২ | ২৯০ | ০ | ০ | ৩২৬ | ০ | ০ |
| ৮ | রংপুর | ০ | ৬৯ | ২৬৮ | ০ | ০ | ২৮৫ | ০ | ০ |
| ৯ | সিলেট | ০ | ৪৭ | ১৩৪ | ০ | ০ | ১২৩ | ০ | ০ |
| **মোট** | | **২** | **৬৭৮** | **২৫৭২** | **০** | **০** | **২২৮৬** | **০** | **০** |

১ জানুয়ারি ২০২৬ থেকে ৩১ মার্চ ২০২৬ সময়কালে সারা দেশে ৬৭৮টি শিক্ষা অফিসের বিপরীতে ২টি অফিস (খুলনা ও ময়মনসিংহ অঞ্চলে ১টি করে) পরিদর্শন করা হয়েছে। কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে কোনো অননুমোদিত অনুপস্থিতি এই দুটি পরিদর্শনে পাওয়া যায়নি।

## ২. DMS-এর মাধ্যমে জেলাভিত্তিক শিক্ষা অফিস মনিটরিং এর সারসংক্ষেপ—

সময়কালঃ ১ জানুয়ারি ২০২৬ – ৩১ মার্চ ২০২৬

| ক্রম | অঞ্চল | জেলা | মোট পরিদর্শন সংখ্যা | মোট অফিস | কর্মকর্তা | | | কর্মচারী | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | মোট | অনুমোদিত অনুপস্থিত | অননুমোদিত অনুপস্থিত | মোট | অনুমোদিত অনুপস্থিত | অননুমোদিত অনুপস্থিত |
| ১ | রাজশাহী | নাটোর | ১ | ৮ | ২৮ | ০ | ০ | ২৪ | ০ | ০ |
| ২ | খুলনা | চুয়াডাঙ্গা | ০ | ৫ | ১৬ | ০ | ০ | ১৮ | ০ | ০ |
| ৩ | বরিশাল | ভোলা | ০ | ৮ | ১৯ | ০ | ০ | ২৮ | ০ | ০ |
| ৪ | রংপুর | দিনাজপুর | ০ | ১৫ | ৬১ | ০ | ০ | ৬৪ | ০ | ০ |
| ৫ | ঢাকা | নারায়ণগঞ্জ | ০ | ৬ | ৩০ | ০ | ০ | ২৬ | ০ | ০ |
| ৬ | রাজশাহী | রাজশাহী | ০ | ১২ | ৪১ | ০ | ০ | ৩৬ | ০ | ০ |
| ৭ | ঢাকা | ঢাকা | ০ | ২৪ | ৯১ | ০ | ০ | ৪০ | ০ | ০ |
| ৮ | চট্টগ্রাম | বান্দরবান | ০ | ৮ | ১৩ | ০ | ০ | ১৯ | ০ | ০ |
| ৯ | খুলনা | খুলনা | ০ | ১৩ | ৪৫ | ০ | ০ | ৩৪ | ০ | ০ |
| ১০ | বরিশাল | পটুয়াখালী | ০ | ১০ | ২০ | ০ | ০ | ২৮ | ০ | ০ |
| ১১ | খুলনা | নড়াইল | ০ | ৪ | ১৭ | ০ | ০ | ১৬ | ০ | ০ |
| ১২ | ময়মনসিংহ | নেত্রকোণা | ০ | ১১ | ৩৩ | ০ | ০ | ৩২ | ০ | ০ |
| ১৩ | বরিশাল | বরগুনা | ০ | ৭ | ১৬ | ০ | ০ | ২১ | ০ | ০ |
| ১৪ | খুলনা | মেহেরপুর | ০ | ৪ | ১২ | ০ | ০ | ৮ | ০ | ০ |
| ১৫ | কুমিল্লা | লক্ষ্মীপুর | ০ | ৬ | ১৮ | ০ | ০ | ১৮ | ০ | ০ |
| ১৬ | কুমিল্লা | ব্রাহ্মণবাড়িয়া | ০ | ১০ | ২৮ | ০ | ০ | ২৬ | ০ | ০ |
| ১৭ | রাজশাহী | চাপাইনবাবগঞ্জ | ০ | ৬ | ২০ | ০ | ০ | ২২ | ০ | ০ |
| ১৮ | রংপুর | পঞ্চগড় | ০ | ৬ | ২০ | ০ | ০ | ১৬ | ০ | ০ |
| ১৯ | কুমিল্লা | চাঁদপুর | ০ | ৯ | ২৯ | ০ | ০ | ৩৭ | ০ | ০ |
| ২০ | বরিশাল | বরিশাল | ০ | ১১ | ৩৬ | ০ | ০ | ৩৯ | ০ | ০ |
| ২১ | বরিশাল | ঝালকাঠি | ০ | ৫ | ১৭ | ০ | ০ | ১৯ | ০ | ০ |
| ২২ | খুলনা | ঝিনাইদহ | ০ | ৭ | ২৭ | ০ | ০ | ২৬ | ০ | ০ |
| ২৩ | ঢাকা | মাদারীপুর | ০ | ৫ | ১৭ | ০ | ০ | ১৫ | ০ | ০ |
| ২৪ | সিলেট | হবিগঞ্জ | ০ | ১০ | ৩০ | ০ | ০ | ২১ | ০ | ০ |
| ২৫ | ঢাকা | নরসিংদী | ০ | ৭ | ৩৪ | ০ | ০ | ২৮ | ০ | ০ |
| ২৬ | ঢাকা | শরীয়তপুর | ০ | ৭ | ২৫ | ০ | ০ | ২২ | ০ | ০ |
| ২৭ | সিলেট | মৌলভীবাজার | ০ | ৮ | ২৫ | ০ | ০ | ১৭ | ০ | ০ |
| ২৮ | ঢাকা | রাজবাড়ী | ০ | ৬ | ২০ | ০ | ০ | ১৮ | ০ | ০ |
| ২৯ | সিলেট | সিলেট | ০ | ১৪ | ৩৩ | ০ | ০ | ৩২ | ০ | ০ |
| ৩০ | খুলনা | সাতক্ষীরা | ০ | ৮ | ২৯ | ০ | ০ | ৩৭ | ০ | ০ |
| ৩১ | ঢাকা | ফরিদপুর | ০ | ১১ | ২৮ | ০ | ০ | ২৯ | ০ | ০ |
| ৩২ | খুলনা | মাগুরা | ০ | ৫ | ২০ | ০ | ০ | ২৩ | ০ | ০ |
| ৩৩ | ময়মনসিংহ | শেরপুর | ০ | ৬ | ২৫ | ০ | ০ | ২৪ | ০ | ০ |
| ৩৪ | চট্টগ্রাম | রাঙামাটি | ০ | ১১ | ১৮ | ০ | ০ | ২৫ | ০ | ০ |
| ৩৫ | রংপুর | কুড়িগ্রাম | ০ | ১০ | ২৮ | ০ | ০ | ৩৩ | ০ | ০ |
| ৩৬ | খুলনা | যশোর | ০ | ১১ | ৪৬ | ০ | ০ | ৪৫ | ০ | ০ |

| ক্রম | অঞ্চল | জেলা | মোট পরিদর্শন সংখ্যা | মোট অফিস | কর্মকর্তা | | | কর্মচারী | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | মোট | অনুমোদিত অনুপস্থিত | অননুমোদিত অনুপস্থিত | মোট | অনুমোদিত অনুপস্থিত | অননুমোদিত অনুপস্থিত |
| ৩৭ | ময়মনসিংহ | টাঙ্গাইল | ০ | ১৩ | ৩৮ | ০ | ০ | ৫৪ | ০ | ০ |
| ৩৮ | খুলনা | বাগেরহাট | ০ | ১০ | ৩৬ | ০ | ০ | ৩০ | ০ | ০ |
| ৩৯ | খুলনা | কুষ্টিয়া | ০ | ৭ | ৩০ | ০ | ০ | ২৬ | ০ | ০ |
| ৪০ | রংপুর | লালমনিরহাট | ০ | ৬ | ২২ | ০ | ০ | ২৪ | ০ | ০ |
| ৪১ | রাজশাহী | বগুড়া | ০ | ১৩ | ৪৫ | ০ | ০ | ৫৪ | ০ | ০ |
| ৪২ | চট্টগ্রাম | কক্সবাজার | ০ | ৯ | ১৮ | ০ | ০ | ২৪ | ০ | ০ |
| ৪৩ | রংপুর | রংপুর | ০ | ৯ | ৩৭ | ০ | ০ | ৩৪ | ০ | ০ |
| ৪৪ | চট্টগ্রাম | খাগড়াছড়ি | ০ | ১০ | ১৩ | ০ | ০ | ২০ | ০ | ০ |
| ৪৫ | ঢাকা | গোপালগঞ্জ | ০ | ৬ | ২৪ | ০ | ০ | ২২ | ০ | ০ |
| ৪৬ | রংপুর | ঠাকুরগাঁও | ০ | ৬ | ২৫ | ০ | ০ | ২৩ | ০ | ০ |
| ৪৭ | ঢাকা | মানিকগঞ্জ | ০ | ৮ | ৩৩ | ০ | ০ | ২৯ | ০ | ০ |
| ৪৮ | রাজশাহী | সিরাজগঞ্জ | ০ | ১০ | ৩৫ | ০ | ০ | ৪৩ | ০ | ০ |
| ৪৯ | ঢাকা | মুন্সীগঞ্জ | ০ | ৭ | ৩১ | ০ | ০ | ২২ | ০ | ০ |
| ৫০ | ময়মনসিংহ | ময়মনসিংহ | ১ | ১৪ | ৪৪ | ০ | ০ | ৫৭ | ০ | ০ |
| ৫১ | চট্টগ্রাম | চট্টগ্রাম | ০ | ২১ | ৫৬ | ০ | ০ | ৪৩ | ০ | ০ |
| ৫২ | ঢাকা | গাজীপুর | ০ | ৮ | ৩৫ | ০ | ০ | ২৩ | ০ | ০ |
| ৫৩ | চট্টগ্রাম | নোয়াখালী | ০ | ১০ | ২৯ | ০ | ০ | ২৫ | ০ | ০ |
| ৫৪ | ময়মনসিংহ | জামালপুর | ০ | ৮ | ২৮ | ০ | ০ | ৩৫ | ০ | ০ |
| ৫৫ | সিলেট | সুনামগঞ্জ | ০ | ১২ | ২৫ | ০ | ০ | ৩২ | ০ | ০ |
| ৫৬ | বরিশাল | পিরোজপুর | ০ | ৮ | ২২ | ০ | ০ | ২৬ | ০ | ০ |
| ৫৭ | কুমিল্লা | কুমিল্লা | ০ | ১৮ | ৫০ | ০ | ০ | ৫৪ | ০ | ০ |
| ৫৮ | চট্টগ্রাম | ফেনী | ০ | ৮ | ২০ | ০ | ০ | ২৩ | ০ | ০ |
| ৫৯ | রাজশাহী | জয়পুরহাট | ০ | ৬ | ২১ | ০ | ০ | ২০ | ০ | ০ |
| ৬০ | রংপুর | নীলফামারী | ০ | ৭ | ২৪ | ০ | ০ | ২৭ | ০ | ০ |
| ৬১ | ময়মনসিংহ | কিশোরগঞ্জ | ০ | ১৪ | ৩৬ | ০ | ০ | ৫৬ | ০ | ০ |
| ৬২ | রাজশাহী | পাবনা | ০ | ১১ | ৩০ | ০ | ০ | ৩৯ | ০ | ০ |
| ৬৩ | রংপুর | গাইবান্ধা | ০ | ৮ | ২৭ | ০ | ০ | ৩৫ | ০ | ০ |
| ৬৪ | রাজশাহী | নওগাঁ | ০ | ১২ | ৩২ | ০ | ০ | ৩১ | ০ | ০ |
| **মোট** | | | **২** | **৫৯৩** | **১৮৮১** | ০ | **০** | **১৮৯৭** | **০** | **০** |

এটি মূলত ১ জানুয়ারি ২০২৬ থেকে ৩১ মার্চ ২০২৬ সময়কালে জেলা পর্যায়ে শিক্ষা অফিস পরিদর্শনের একটি বিস্তারিত তালিকা, যা উপরের সামগ্রিক তথ্যেরই বিস্তারিত রূপ।

# শ্রেণিকক্ষ কার্যক্রম সংক্রান্ত মনিটরিং প্রতিবেদন

## ১. শিখন পরিবেশ ও শ্রেণি ব্যবস্থাপনা

### ১.১ রুটিন অনুযায়ী শিখন কার্যক্রম চলমান সংক্রান্ত তথ্য-

সময়কালঃ ১ জানুয়ারি ২০২৬ – ৩১ মার্চ ২০২৬

| ক্রম | অঞ্চল | নির্ধারিত সময়ে শিক্ষক ক্লাস শুরু করেন | | বরাদ্দকৃত সময় পর্যন্ত ক্লাস পরিচালনা করেন | | বিষয়ের জন্য নির্ধারিত শিক্ষক শিখন কার্যক্রম পরিচালনা করছেন | | বিগত এক সপ্তাহে কোন ক্লাস বন্ধ থাকেনি বা বাতিল হয়নি | | রুটিন অনুযায়ী সকল বিষয়ের ক্লাস সমান গুরুত্ব দিয়ে পরিচালিত হয় | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | হ্যাঁ | না | হ্যাঁ | না | হ্যাঁ | না | হ্যাঁ | না | হ্যাঁ | না |
| ১ | বরিশাল | ৮৬ | ৭ | ৭৬ | ১৭ | ৬৯ | ২৪ | ৪৩ | ৫০ | ৫৯ | ৩৪ |
| ২ | চট্টগ্রাম | ৯৭ | ১৩ | ৯৭ | ১৩ | ৯০ | ২০ | ৬২ | ৪৮ | ৭৫ | ৩৫ |
| ৩ | কুমিল্লা | ৬৯ | ৩ | ৬৬ | ৬ | ৬০ | ১২ | ৪০ | ৩২ | ৪২ | ৩০ |
| ৪ | ঢাকা | ১৭৫ | ১৪ | ১৬৯ | ২০ | ১৭০ | ১৯ | ১২৬ | ৬৩ | ১১২ | ৭৭ |
| ৫ | খুলনা | ১৪০ | ১০ | ১৩৭ | ১৩ | ১৩০ | ২০ | ৯৭ | ৫৩ | ১০৭ | ৪৩ |
| ৬ | ময়মনসিংহ | ১৬২ | ১৫ | ১৬১ | ১৬ | ১৪৯ | ২৮ | ৯৫ | ৮২ | ১০২ | ৭৫ |
| ৭ | রাজশাহী | ১১০ | ৮ | ১০৮ | ১০ | ৯৮ | ২০ | ৬৬ | ৫২ | ৭৩ | ৪৫ |
| ৮ | রংপুর | ৮৩ | ৮ | ৭৭ | ১৪ | ৭৮ | ১৩ | ৫১ | ৪০ | ৫৯ | ৩২ |
| ৯ | সিলেট | ৫২ | ২ | ৪৮ | ৬ | ৩৯ | ১৫ | ২৪ | ৩০ | ৩৬ | ১৮ |
| **মোট** | | **৯৭৪** | **৮০** | **৯৩৯** | **১১৫** | **৮৮৩** | **১৭১** | **৬০৪** | **৪৫০** | **৬৬৫** | **৩৮৯** |

১ জানুয়ারি ২০২৬ থেকে ৩১ মার্চ ২০২৬ সময়কালে ৯৭৪টি ক্ষেত্রে দেখা গেছে শিক্ষকরা নির্ধারিত সময়ে ক্লাসে আসছেন এবং ৯৩৯টি ক্ষেত্রে তারা বরাদ্দকৃত সময় পর্যন্ত ক্লাস নিচ্ছেন। তবে রুটিন অনুযায়ী সকল বিষয়ের ক্লাসে সমান গুরুত্ব দেওয়ার ক্ষেত্রে ৬৬৫টি 'হ্যাঁ' এবং ৩৮৯টি 'না' রেসপন্স পাওয়া গেছে।



### ১.২ শিক্ষার্থীর সুস্বাস্থ্য ও সুরক্ষা চর্চা দৃশ্যমান সংক্রান্ত তথ্য—

সময়কালঃ ১ জানুয়ারি ২০২৬ – ৩১ মার্চ ২০২৬

| ক্রম | অঞ্চল | শিক্ষার্থীদের নিজেদের পরিস্কার-পরিচ্ছন্নতার চর্চা দৃশ্যমান | | প্রতিষ্ঠানে স্বাস্থ্যকর ও নিরাপদ পরিবেশ বজায় রাখার উদ্যোগ দৃশ্যমান | | স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস চর্চা বিদ্যমান | | শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যের উপর চাপ পড়ে এমন কোন পরিস্থিতি দৃশ্যমান নয় | | শিক্ষার্থীর খারাপ লাগা বা অস্বস্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা আছে | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | হ্যাঁ | না | হ্যাঁ | না | হ্যাঁ | না | হ্যাঁ | না | হ্যাঁ | না |
| ১ | বরিশাল | ৮২ | ১১ | ৬৭ | ২৬ | ৩৭ | ৫৬ | ৫২ | ৪১ | ৬১ | ৩২ |
| ২ | চট্টগ্রাম | ১০০ | ১০ | ৯০ | ২০ | ৩৯ | ৭১ | ৬৬ | ৪৪ | ৮৮ | ২২ |
| ৩ | কুমিল্লা | ৬৮ | ৪ | ৬৩ | ৯ | ৪১ | ৩১ | ৪৬ | ২৬ | ৫৪ | ১৮ |
| ৪ | ঢাকা | ১৭০ | ২২ | ১৬৬ | ২৬ | ১২৪ | ৬৮ | ১০৩ | ৮৯ | ১৬১ | ৩১ |
| ৫ | খুলনা | ১৩৭ | ১৫ | ১৩২ | ২০ | ৮০ | ৭২ | ১০৪ | ৪৮ | ১০৭ | ৪৫ |
| ৬ | ময়মনসিংহ | ১৫১ | ২৬ | ১৫০ | ২৭ | ৯৮ | ৭৯ | ১০৫ | ৭২ | ১৪৮ | ২৯ |
| ৭ | রাজশাহী | ১০৬ | ১৪ | ৯৭ | ২৩ | ৫৮ | ৬২ | ৮১ | ৩৯ | ৮৪ | ৩৬ |
| ৮ | রংপুর | ৮১ | ১১ | ৮০ | ১২ | ৪৯ | ৪৩ | ৫১ | ৪১ | ৭৬ | ১৬ |
| ৯ | সিলেট | ৫৩ | ৩ | ৫০ | ৬ | ২৯ | ২৭ | ৩৬ | ২০ | ৪১ | ১৫ |
| **মোট** | | **৯৪৮** | **১১৬** | **৮৯৫** | **১৬৯** | **৫৫৫** | **৫০৯** | **৬৪৪** | **৪২০** | **৮২০** | **২৪৪** |

১ জানুয়ারি ২০২৬ থেকে ৩১ মার্চ ২০২৬ সময়কালে শিক্ষার্থীদের পরিষ্কার-পরিচ্ছন্নতা চর্চা ৯৪৮টি ক্ষেত্রে সন্তোষজনক হলেও স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস চর্চার ক্ষেত্রে ৫৫৫টি 'হ্যাঁ' এবং ৫০৯টি 'না' রেসপন্স এসেছে। মানসিক স্বাস্থ্য রক্ষায় উপচাপ নেই এমন উত্তর পাওয়া গেছে ৬৪৪টি ক্ষেত্রে।



**১.৩ শ্রেণিকক্ষ এবং শিক্ষা প্রতিষ্ঠান শ্রেণি কার্যক্রম পরিচালনার জন্য উপযোগী সংক্রান্ত তথ্য—**

সময়কালঃ ১ জানুয়ারি ২০২৬ – ৩১ মার্চ ২০২৬

| ক্রম | অঞ্চল | শ্রেণি কার্যক্রম উপযোগী আসন ব্যবস্থা বিদ্যমান | | শ্রেণিকক্ষের ভিতর ও বাহির পরিষ্কার-পরিচ্ছন্ন | | শ্রেণিকক্ষের ভিতর ও বাহির নিরাপদ | | শিক্ষার্থীর সংখ্যা অনুপাতে খোলামেলা জায়গা বিদ্যমান | | ডিজিটাল সামগ্রী ও ইন্টারনেট ব্যবহার উপযোগী | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | হ্যাঁ | না | হ্যাঁ | না | হ্যাঁ | না | হ্যাঁ | না | হ্যাঁ | না |
| ১ | বরিশাল | ৭৩ | ২০ | ৭০ | ২৩ | ৮৪ | ৯ | ৮০ | ১৩ | ২৯ | ৬৪ |
| ২ | চট্টগ্রাম | ৯৫ | ১৫ | ৯২ | ১৮ | ১০৩ | ৭ | ৮৮ | ২২ | ৫২ | ৫৮ |
| ৩ | কুমিল্লা | ৬৮ | ৪ | ৫৮ | ১৪ | ৭২ | ০ | ৬৬ | ৬ | ২৩ | ৪৯ |
| ৪ | ঢাকা | ১৬৮ | ২৫ | ১৫২ | ৪১ | ১৭৯ | ১৪ | ১৭৩ | ২০ | ৮০ | ১১৩ |
| ৫ | খুলনা | ১৩৬ | ১৬ | ১২২ | ৩০ | ১৪৬ | ৬ | ১৩২ | ২০ | ৭৭ | ৭৫ |
| ৬ | ময়মনসিংহ | ১৫৮ | ১৯ | ১৩৩ | ৪৪ | ১৫৭ | ২০ | ১৫৩ | ২৪ | ৭৬ | ১০১ |
| ৭ | রাজশাহী | ১০৯ | ১২ | ৮৫ | ৩৬ | ১১৩ | ৮ | ১০৫ | ১৬ | ৪৯ | ৭২ |
| ৮ | রংপুর | ৭৭ | ১৫ | ৭৬ | ১৬ | ৮২ | ১০ | ৮২ | ১০ | ৩৯ | ৫৩ |
| ৯ | সিলেট | ৫০ | ৬ | ৪৪ | ১২ | ৫৪ | ২ | ৫২ | ৪ | ১৮ | ৩৮ |
| **মোট** | | **৯৩৪** | **১৩২** | **৮৩২** | **২৩৪** | **৯৯০** | **৭৬** | **৯৩১** | **১৩৫** | **৪৪৩** | **৬২৩** |

১ জানুয়ারি ২০২৬ থেকে ৩১ মার্চ ২০২৬ সময়কালে শ্রেণিকক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন থাকার বিষয়ে ৮৩২টি ইতিবাচক সাড়া মিললেও ডিজিটাল সামগ্রী ও ইন্টারনেট ব্যবহারের উপযোগিতা মাত্র ৪৪৩টি প্রতিষ্ঠানে পাওয়া গেছে।



### ১.৪ শিক্ষক-শিক্ষার্থীর মাঝে গঠনমূলক আলোচনা ও সুসম্পর্ক বিদ্যমান সংক্রান্ত তথ্য—

সময়কালঃ ১ জানুয়ারি ২০২৬ – ৩১ মার্চ ২০২৬

| ক্রম | অঞ্চল | শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে পরস্পরের সাথে যোগাযোগ করছে | | শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে শিক্ষকের সাথে যোগাযোগ করছে | | সকল শিক্ষার্থীর প্রতি শিক্ষকের মনোযোগ দৃশ্যমান | | পারস্পরিক যোগাযোগ সম্মানজনক এবং বন্ধুত্বপূর্ণ | | কোন বৈষম্য বা ভীতি দৃশ্যমান নয় | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | হ্যাঁ | না | হ্যাঁ | না | হ্যাঁ | না | হ্যাঁ | না | হ্যাঁ | না |
| ১ | বরিশাল | ৭৮ | ১৫ | ৮২ | ১১ | ৭৯ | ১৪ | ৫৮ | ৩৫ | ৫৬ | ৩৭ |
| ২ | চট্টগ্রাম | ১০১ | ১০ | ১০০ | ১১ | ৯৪ | ১৭ | ৬১ | ৫০ | ৭২ | ৩৯ |
| ৩ | কুমিল্লা | ৬৬ | ৬ | ৬৪ | ৮ | ৬৩ | ৯ | ৩৭ | ৩৫ | ৪৮ | ২৪ |
| ৪ | ঢাকা | ১৭৭ | ১৭ | ১৮১ | ১৩ | ১৭১ | ২৩ | ১১১ | ৮৩ | ১৪৬ | ৪৮ |
| ৫ | খুলনা | ১৩৬ | ১৬ | ১৪৩ | ৯ | ১৩৭ | ১৫ | ১০৭ | ৪৫ | ১০০ | ৫২ |
| ৬ | ময়মনসিংহ | ১৬৭ | ১১ | ১৬৮ | ১০ | ১৫০ | ২৮ | ১০৪ | ৭৪ | ১২৮ | ৫০ |
| ৭ | রাজশাহী | ১০৯ | ১২ | ১০৫ | ১৬ | ১০১ | ২০ | ৭৮ | ৪৩ | ৮৪ | ৩৭ |
| ৮ | রংপুর | ৮৬ | ৬ | ৮০ | ১২ | ৭৭ | ১৫ | ৫৫ | ৩৭ | ৫৪ | ৩৮ |
| ৯ | সিলেট | ৫২ | ৪ | ৫১ | ৫ | ৪৪ | ১২ | ৩১ | ২৫ | ৪১ | ১৫ |
| **মোট** | | **৯৭২** | **৯৭** | **৯৭৪** | **৯৫** | **৯১৬** | **১৫৩** | **৬৪২** | **৪২৭** | **৭২৯** | **৩৪০** |

১ জানুয়ারি ২০২৬ থেকে ৩১ মার্চ ২০২৬ সময়কালে শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এবং পারস্পরিক যোগাযোগের ক্ষেত্রে অধিকাংশ অঞ্চলে ইতিবাচক চিত্র দেখা গেছে (৯৭২টি ক্ষেত্রে)।



### ১.৫ শিক্ষক-শিক্ষার্থীর জন্য প্রাসঙ্গিক শিখন সামগ্রী বিদ্যমান সংক্রান্ত তথ্য-

সময়কালঃ ১ জানুয়ারি ২০২৬ – ৩১ মার্চ ২০২৬

| ক্রম | অঞ্চল | শিক্ষক সহায়িকা/নির্দেশিকা/ সংস্করণ ও পাঠ্যবই সকলের জন্য বিদ্যমান | | শ্রেণি কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় উপকরণ বিদ্যমান | | স্থানীয়ভাবে সংগৃহীত বিনামূল্যের এবং ফেলনা উপকরণ দৃশ্যমান | | শিখন কার্যক্রমে শিক্ষার্থীদের তৈরি বিভিন্ন উপকরণ শ্রেণিকক্ষে বা শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষিত/দৃশ্যমান | | ব্যবহৃত উপকরণ পাঠের সাথে সংগতিপূর্ণ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | হ্যাঁ | না | হ্যাঁ | না | হ্যাঁ | না | হ্যাঁ | না | হ্যাঁ | না |
| ১ | বরিশাল | ৩৬৯ | ৬৪ | ২৫২ | ১৮১ | ২১৮ | ২১৫ | ১৬১ | ২৭২ | ১৬৩ | ২৭০ |
| ২ | চট্টগ্রাম | ৪৬৬ | ৬০ | ৩৮৯ | ১৩৭ | ২৬৫ | ২৬১ | ২৩৪ | ২৯২ | ২৫২ | ২৭৪ |
| ৩ | কুমিল্লা | ৩৭৪ | ৪৩ | ৩৭২ | ৬৫ | ২৫২ | ১৮৫ | ২২৯ | ২০৮ | ১৭১ | ২৬৬ |
| ৪ | ঢাকা | ১০৭৫ | ১২৫ | ৮৫৮ | ৩৪২ | ৬০৭ | ৫৯৩ | ৫৫৩ | ৬৪৭ | ৫১২ | ৬৮৮ |
